

ভবিষ্যৎ পরিকল্পনাঃ

২০২২-২৩ অর্থবছরে পাবনা পবিস-১ কে কারিগরীভাবে শক্তিশালী/নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ/সিস্টেম লস হ্রাসকরন সহ বিদ্যুৎ গ্রহনের সক্ষমতা বৃদ্ধির জন্য নিম্নলিখিত পরিকল্পনা গ্রহন করা হয়েছেঃ-বর্তমানে ডিএনই প্রকল্পের আওতায় ০১ টি উপকেন্দ্র পাবনা-২, আটঘরিয়া-২ (শিবপুর/একদন্ত) নির্মাধীন উপকেন্দ্রের নির্মাণ কাজ চলমান আছে এবং আগামী ২০২২-২০২৩ অর্থবছরে ডিসেম্বর/২০২২ খ্রিঃ মাসের মধ্যে চালু করা সম্ভব হবে। তাছাড়াও

- (i) পাবনা পবিস-১ ও নাটের পবিস-২ এর নিজস্ব অর্থায়নে ০৮টি বে-ব্রেকার সমৃদ্ধ ঈশ্বরদী গ্রীড উপকেন্দ্র হতে একটি সুইচিং স্টেশন নির্মাণের লক্ষ্যে বাপবিবোর্ডের মাধ্যমে পিজিসিবি, ঢাকা কর্তৃপক্ষের নিকট হতে ডিজাইন ও ড্রয়িং অনুমোদনের প্রক্রিয়াধীন রয়েছে, যা চলতি অর্থবছরে বাপবিবোর্ড হতে কার্যাদেশ প্রদান পূর্বক নির্মাণ কাজ শুরু করা সম্ভব হবে।
- (ii) বাপবিবোর্ডের মাধ্যমে প্রদত্ত কার্যাদেশের মাধ্যমে পাবনা (নুরপুর) গ্রীড উপকেন্দ্রে সুইচিং স্টেশন নির্মাণের কাজ জায়গা (স্থান) নির্ধারণের জটিলতা নিরসন পূর্বক চলতি অর্থ বছরে সম্পন্ন করা সম্ভব হবে। উক্ত ০২টি গ্রীড উপকেন্দ্রে সুইচিং স্টেশন নির্মিত হলে অত্র সমিতি আরও ০৩টি নতুন ৩৩ কেভি ফিডারের লাইন নির্মাণ পূর্বক বিদ্যুৎ গ্রহন করতে পারবে।

বর্তমানে ১১টি উপকেন্দ্রের থেকে ৭৯টি ১১ কেভি ফিডার মাধ্যমে ৯৫ মেঃওঃ লোড গ্রহন করা হচ্ছে। আগামী ২০২২-২৩ অর্থবছরে আরও ০২টি ৩৩ কেভি ফিডার নির্মাণ সহ ১৩টি ১১ কেভি ফিডার চালু করার পরিকল্পনা রয়েছে।

অত্র সমিতিতে এখনও দীর্ঘদিন ধরে ব্যবহৃত এনালগ মিটার ডিজিটাল মিটার দ্বারা ১০০% চলতি অর্থবছরে করা হয়েছে। শতভাগ বিদ্যুতায়ন সম্পূর্ণ করার স্বার্থে অত্র সমিতিতে এলটি লাইনের পরিমাণ বৃদ্ধি পেয়েছে অর্থাৎ এলটি এইচটি লাইনের বর্তমানে ৬৫:৩৫ অনুপাতে রয়েছে। আগামী অর্থবছরে ২০০ কিঃমিঃ এলটি লাইনকে এইচটি লাইনে রূপান্তরের মাধ্যমে ৭০:৩০ অনুপাতে নিয়ে আসা। পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ভৌগলিক এলাকা চলন বিল সমৃদ্ধ এলাকা হওয়ায় চলন বিল সেচের মাঠসহ অন্যান্য এলাকায় ৩ এসএসআর তার দ্বারা নির্মিত সিঞ্জেল ফেজ এইচটি লাইনের পরিমাণ ১১৫০ কিঃমিঃ যা অনেক বেশি। সিস্টেম লস হ্রাস করণ সহ উপকেন্দ্রের লোড ব্যালেন্স সহজীকরনের লক্ষ্যে আগামী ২০২২-২৩ অর্থবছরের মধ্যে ৭০০ কিঃমিঃ সিঞ্জেল ফেজ লাইন কে থ্রি ফেজ লাইনে রূপান্তর করা হবে। নির্মিত বৈদ্যুতিক লাইন আগামী অর্থ বছরে ১০০% রক্ষণাবেক্ষনের কাজ সম্পূর্ণ করার জন্য এবং ০২ সাইকেল ১০০% রাইট অব ওয়ে সম্পন্ন করার পরিকল্পনা গ্রহন করা হয়েছে। এছাড়াও আপকামিং প্রকল্পের আওতায় ৪০৫ কিঃমিঃ লাইন আপগ্রেডেশন ও ০৪টি নতুন উপকেন্দ্র নির্মাণ (চাটমোহর-৩, ভাঙ্গুড়া-৩, আটঘরিয়া-৩ ও পাবনা-৩) ও ০১টি উপকেন্দ্রের ক্ষমতাবর্ধন কাজ শুরু করা সম্ভব হবে।